# ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন-৯ম তলা
প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও,
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
www.frc.gov.bd

স্মারক নং: ১৪১/এফআরসি/প্রশা/২০২৫/৯৩১

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## ইন্টার্ন নিয়োগ বিজ্ঞপ্তি

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) জনস্বার্থ সংস্থাসমূহের ফাইনান্সিয়াল রিপোর্টিং ও নিরীক্ষা পেশার মানোন্নয়ন, স্বচ্ছতা, জবাবদিহীতা ও বিশ্বাসযোগ্যতা নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ -এর মাধ্যমে প্রতিষ্ঠিত একটি নিয়ন্ত্রণকারী সংস্থা। পাঠ্যপুস্তকের জ্ঞানের সাথে কর্মক্ষেত্রের ব্যবহারিক অভিজ্ঞতার সমন্বয় ঘটিয়ে যুগোপযোগী ও অভিজ্ঞ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে এফআরসি-র বিভিন্ন কর্ম বিভাগে ইন্টার্নশিপে আগ্রহী প্রার্থীগণ হতে আবেদন আহবান করা হচ্ছে। ইন্টার্নশিপ প্রোগ্রামের বিস্তারিত নিম্নরূপ:

**পদের নাম:** ইন্টার্ন।
**মেয়াদকাল:** ০৩ থেকে ০৬ মাস।
**কাজের স্থান:** এফআরসি অফিস।
**আবেদনের লিংক:** Click Here for the Application Form
**আবেদন শুরুর তারিখ:** ০৬.১০.২০২৫ খ্রিঃ।
**আবেদনের শেষ তারিখ:** ১৫.১০.২০২৫ খ্রিঃ।

আবেদনের লিংক

**আবেদনের যোগ্যতা:**

১. বাংলাদেশের নাগরিক হতে হবে;
২. যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ফিন্যান্স, ব্যাংকিং, ম্যানেজমেন্ট, অর্থনীতি, পরিসংখ্যান, আইন বা কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ বা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (appeared) হতে হবে;
৩. স্নাতক পর্যায়ে সিজিপিএ ন্যূনতম ২.৫ (৪.০ এর স্কেলে) হতে হবে ;

**ইন্টার্ন কর্তৃক করণীয়;**

১. কর্ম বিভাগ কর্তৃক নিয়োজিত সুপারভাইজরের অধীন দায়িত্ব পালন;
২. ইন্টার্নশিপ মেয়াদের শেষে নিজ কর্ম বিভাগে ইন্টার্নশিপ প্রতিবেদন (Internship Report) দাখিল;
৩. প্রতিষ্ঠানের কার্যক্রমের যথাযথ গোপনীয়তা রক্ষা।

**আবেদন, নির্বাচন ও নিয়োগ প্রক্রিয়া:**

১. প্রার্থীগণ সংযুক্ত লিংক (Click Here for the Application Form) ব্যবহার করে নির্ধারিত সময়ের মধ্যে Curriculum Vitae (CV) সংযুক্তকরণ পূর্বক আবেদন করতে পারবেন;

২. প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করবেন (এক্ষেত্রে প্রার্থীগণকে কোনরূপ TA/DA প্রদান করা হবে না);

৩. মৌখিক পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী এফআরসি'র অফিস হতে যোগদানের আবেদন পত্র সংগ্রহপূর্বক নিম্নে বর্ণিত পত্র/সনদ দাখিল করবেন:

ক) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব বিভাগীয় প্রধান স্বাক্ষরিত সুপরিশপত্র (Letter of Recommendation) বা প্রত্যয়নপত্র।

খ) স্নাতক এবং স্নাতকোত্তর (যদি থাকে) পরীক্ষার সনদ/প্রবেশপত্রের ফটোকপি।

গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঘ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।

৪. ইন্টার্নগণ এফআরসি প্রশাসন হতে নিয়োগপত্র সংগ্রহপূর্বক এফআরসি-র তথ্যের নিরাপত্তা ও গোপনীয়তার স্বার্থে এবং প্রয়োজনীয় অফিস সরঞ্জামাদি সুরক্ষার লক্ষ্যে একটি ঘোষণাপত্র স্বাক্ষরের মাধ্যমে নির্ধারিত কর্মবিভাগে যোগদান সম্পন্ন করবেন।

**ইন্টার্নশিপ ভাতা, কর্মঘন্টা ও সনদ:**

১. ইন্টার্নগণ মাসিক দশ হাজার (১০,০০০/-) টাকা হারে ভাতা প্রাপ্ত হবেন যা প্রতি মাসের শেষে প্রদান করা হবে।

২. ইন্টার্নগণ সরকারি প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য সময়সূচী মোতাবেক নির্ধারিত পূর্ণ কর্মঘন্টা অফিসে অবস্থান করবেন।

৩. ইন্টার্নশিপ মেয়াদের শেষে প্রত্যেক ইন্টার্ন সনদপ্রাপ্ত হবেন।

০৫.১০.২০২২

**মোঃ নাজমুল আলম**

বিভাগীয় প্রধান (যুগ্মসচিব)

প্রশাসন, হিসাব ও আইটি

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়